

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
পুরস্কার ও বৃত্তি শাখা
www.bncu.gov.bd



১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০৮.৬৫.০০১.১৯.২৪

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭

০৭ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **Wenhui Award for Educational Innovation in Response to Pandemic and Other Emergencies-** শীর্ষক পুরস্কারের জন্য বাংলাদেশ হতে মনোনয়ন আহ্বান সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ে উল্লেখ করা যাচ্ছে যে, Wenhui Award for Educational Innovation in Response to Pandemic and Other Emergencies- শীর্ষক পুরস্কারের জন্য বাংলাদেশ হতে দরখাস্ত আহ্বান করা হয়েছে। এ বছর প্রতিপাদ্য বিষয়ের সাথে সঙ্গতি রেখে এশিয়া-প্যাসিফিক অঞ্চলে educational innovations- এর উন্নয়নে যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ অবদান রাখছে তাঁদের কাজের স্বীকৃতিস্বরূপ এ পুরস্কার প্রদান করা হবে। The UNESCO Asia-Pacific Programme of Educational Innovation for Development (APEID) এবং The National Commission of the People's Republic of China for UNESCO যৌথভাবে The Wenhui Award for Educational Innovation প্রবর্তন করেন। ২০২০ সালের জন্য এ পুরস্কারের মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে “Educational Innovation in Response to Pandemic and Other Emergencies”। বর্ণিত পুরস্কার প্রদানের মূল উদ্দেশ্য হচ্ছে যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহ (সরকারী/বেসরকারি) পাঠদানের প্রক্রিয়াকে সৃজনশীল, সার্বজনীন এবং গুনগত মানোন্নয়নে কাজ করছে সে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানসমূহকে স্বীকৃতি দেয়া।

০২। পুরস্কার সম্পর্কিত যাবতীয় তথ্য <http://bangkok.unesco.org/content/wenhui-award-2020-> এই ওয়েবসাইটে পাওয়া যাবে মর্মে পত্রে উল্লেখ আছে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন এবং আগামী ১৮ অক্টোবরের মধ্যে আবেদনপত্র অনলাইনে সাবমিট করতে হবে। এছাড়াও বর্ণিত পুরস্কারের অনলাইন মনোনয়ন আগামী ৩০ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের মাধ্যমে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করতে হবে মর্মে পত্রে উল্লেখ আছে। পুরস্কার হিসেবে থাকবে নগদ ২০,০০০ (বিশ হাজার) ইউএস ডলার, সার্টিফিকেট অফ এক্সিলেন্স এবং সার্টিফিকেট অফ মেরিট।

০৩। এমতাবস্থায়, বর্ণিত পুরস্কারের জন্য উপযুক্ত প্রার্থী মনোনয়ন করে মনোনীত প্রার্থীর অনলাইনে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম, আবেদন ফরম ও আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ [দুই (০২) সেট হার্ড কপি ও সঙ্কট কপি] মনোনয়নপত্র আগামী ১৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে (১, জহির রায়হান রোড, পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৭-৯-২০২০

জনাব মো: সোহেল ইমাম খান
ডেপুটি সেক্রেটারি জেনারেল

বিতরণ :

- ১) সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ২) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৫) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০৮.৬৫.০০১.১৯.২৪/১(৪)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭
০৭ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) প্রোগ্রাম অফিসার, পুরস্কার ও বৃত্তি শাখা, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
- ৪) প্রোগ্রাম অফিসার (আইসিটি), তথ্য ও যোগাযোগ শাখা, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন



৭-৯-২০২০

জনাব মো: সোহেল ইমাম খান
ডেপুটি সেক্রেটারি জেনারেল